গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[করনীতি উইং]
সেগুনবাগিচা, ঢাকা
www.nbr.gov.bd

নম্বর: ০৮.০১.০০০০.০৩৩.২২.০০১.২২.১৯৩

তারিখ: ১৩ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়: আয়কর পরিপত্র ২০২২-২০২৩ এর মুদ্রণজনিত ত্রুটি সংশোধন ও পাবলিক অকশনের মাধ্যমে কোনো পণ্য বা সম্পত্তির বিক্রয় বা লিজ প্রদান করার ক্ষেত্রে উৎসে করহার সম্পর্কিত স্পষ্টীকরণ।**

অর্থ আইন ২০২১ এর ধারা ২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 53C সংশোধন করা হয়। সংশোধিত ধারা নিম্নে উপস্থাপন করা হলো:

> **"53C. Collection of tax on sale price of goods or property sold by public auction.-**
>
> Any person making sale, by public auction through sealed tender or otherwise, of any goods or property belonging to the Government or any authority, corporation or body, including its units, the activities or the principal activities of which are authorised by any Act, Ordinance, order or instrument having the force of law in Bangladesh or any company as defined in কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮নং আইন) or any banking company, or any insurance company or any co-operative bank established by or under any law for the time being in force shall collect, before delivering the possession of the goods or the property or allowing to exercise the rights, as advance tax on the income from the sale price of such goods or property from the auction purchaser at the rate of 10% (ten percent) of the sale price:
>
> *Provided that the rate of deduction shall be 1% (one percent) in case of sale of tea by public auction.*
>
> ***Explanation.-*** For the purposes of this section, sale of any goods or property includes the awarding of any lease to any person, including a lease of the right to collect octroi duties, tolls, fees or other levies, by whatever name called, but does not include sale of a plot of land."

আয়কর পরিপত্র ২০২১-২০২২ এর অনুচ্ছেদ ১৬ এর মাধ্যমে এই পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ প্রদান করা হয়। আয়কর পরিপত্র ২০২১-২০২২ এর অনুচ্ছেদ ১৬ নিম্নে উপস্থাপন করা হলো:

**“১৬। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53C এর সংশোধন**

অর্থ আইন, ২০২১ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53C সংশোধন করা হয়েছে। পাবলিক অকশনের মাধ্যমে কোনো পণ্য বা সম্পত্তির বিক্রয় বা লিজ প্রদান করা হলে উৎসে ১০ শতাংশ হারে কর কর্তনের বিধান করা হয়েছে। পণ্য বা সম্পত্তির বিক্রয় বা লিজ বলতে অক্ট্রয় ডিউটি, ফি, অথবা অন্যান্য যেকোন প্রকার লেভিও অন্তর্ভূক্ত হবে। জমির প্লট অকশনে বিক্রিত হলে সেক্ষেত্রে এ ধারা প্রযোজ্য হবে না।

দেশের সকল জলমহাল, বালুমহাল, সায়রাত মহালসহ যেকোনো প্রকারের ইজারা বা বিক্রয় ক্ষেত্রে এ ধারার অধীন বিক্রয় বা লিজ মূল্যের ১০ শতাংশ উৎসে কর সংগ্রহ পূর্বক পণ্য বা অধিকার হস্তান্তর করতে হবে।

পাবলিক অকশনের মাধ্যমে চা বিক্রয়ের ক্ষেত্রে উৎসে কর সংগ্রহের হার ১ শতাংশ হবে।

এ ধারার অধীন প্রণীত বিধি 17D এসআরও নং ১৭৩-আইন/আয়কর/২০২১, তারিখ: ০৩ জুন ২০২১ দ্বারা বিলুপ্ত করা হয়েছে।”

এখানে উল্লেখ, বিধি 17D অনুযায়ী উক্ত করহার ৫% ছিল।

আয়কর পরিপত্র ২০২২-২০২৩ এর পরিশিষ্ট ৯ এ প্রদত্ত টেবিল এর ক্রমিক নং ৩১ এ ভুলবশত পূর্বের ধারা 53C এবং বিধি 17D এর উল্লেখ পূর্বক করহার ৫% এর উল্লেখ রয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড উক্ত ত্রুটি সংশোধন পূর্বক এতদ্দ্বারা স্পষ্টীকরণ করছে যে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বিধ্যমান ধারা 53C অনুযায়ী পাবলিক অকশনের মাধ্যমে কোনো পণ্য বা সম্পত্তির বিক্রয় বা লিজ প্রদান করা হলে উৎসে করহার ১০% হবে। অর্থাৎ এতদসংক্রান্ত বিষয়ে আয়কর পরিপত্র ২০২১-২০২২ এ প্রদত্ত স্পষ্টীকরণ এখনো বলবৎ রয়েছে।

26.02.2023

(বাপন চন্দ্র দাস)
দ্বিতীয় সচিব (কর-১১)
করনীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড